শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট



মে/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতিঃজনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৩ মে ২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারন সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনার দরপত্রের মাধ্যমে বাস্তবায়নাধীন ১৫ টি প্যাকেজের মধ্যে ১৩ টি প্যাকেজের কাজ ইতোমধ্যে শতভাগ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২টি প্যাকেজের একটি করে ২টি স্কীমের কাজ চলমান রয়েছে। RFQ এর মাধ্যমে বাস্তবায়নাধীন ৮টি প্যাকেজের সবগুলোর কাজ ইতোমধ্যে শতভাগ সমাপ্ত হয়েছে এবং ১৪টি পিআইসি এর মধ্যে ৭টি কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে; অবশিষ্ট ৭টি কাজ জুন ২০২৪ইং এর মধ্যে সমাপ্ত করার স্বার্থে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে উদ্যোগী হওয়ার জন্য তিনি অনুরোধ করেন।<br>তিনি আরো জানান যে, (১) ফুলবাড়ি ইউনিয়নের মাইজভাগ মুক্তিযোদ্ধা আফতাব আলীর বাড়ীর সামন হতে ইকবাল হোসেন আলী বক্স এর বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত(২) ফুলবাড়ি ইউনিয়নের মাইজভাগ ছালিক উদ্দিনের বাড়ীর সামন হতে কালাইশাহ মাজার পর্যন্ত রাস্তা মেরামত এবং (৩) ফুলবাড়ি ইউনিয়নের মাইজভাগ আশ্রয়ন প্রকল্পের পশ্চিম পার্শ্বে প্যালাসাইডিং দ্বারা প্রকল্প এলাকার চাল সুরক্ষা করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সহ প্রকল্প স্থল সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয় এবং পরিষদ কর্তৃক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত হওয়ায় ১নং প্রকল্পের জন্য ১৯৯৮৭১.০০টাকা, ২নং প্রকল্পের জন্য ১৯৯৯৯১.০০ টাকা ও ৩নং প্রকল্পের জন্য ১৫০০০০.০০ টাকার তিনটি প্রাক্কলন | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা গৃহীত ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা জুন ২০২৪ইং এর মধ্যে দ্রুত শেষ করার পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ৪ (চার) টি প্রকল্পে জরুরী বাস্তবায়ন প্রয়োজন বিধায় প্রস্তুত কৃত প্রাক্কলন ৪ (চার) টি পরিষদ কর্তৃক সর্বসম্মত ভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও দুই জন বীর মুক্তিযোদ্ধার স্মরণে(১) "বীর প্রতীক আব্দুল মালেক সড়ক" এবং(২) "বীর মুক্তিযোদ্ধা আব্দুর | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তুত করা হয়েছে। অপরদিকে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক (৪) গোলাপগঞ্জ ইউনিয়নের ১নং ওয়ার্ডের শীর্ষ গ্রামে শহিদের বাড়ীর সামনের ... পানির স্রোত থেকে রাস্তার আরসিসি ড্রেন নির্মাণের জন্য ১,৯৯,৯৭৭.০০ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা পরিষদ কর্তৃক সদয় অনুমোদন প্রয়োজন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, মহান স্বাধীনতা যুদ্ধে অংশ গ্রহন কারী বীরমুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের স্মরণে স্ব এলাকার সড়কের নামকরণের লক্ষ্যে আরো ২টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রস্তাব অনুযায়ী দেখা যায় যে, এলজিইডি'র Inventory ভুক্ত Road ID ৬৯১৩৮৫০১০-চান্দার্দিঘি ইউপি.নবগ্রামউইথ-বক্তিয়ারপুর- আহিরগঞ্জ বাজারসড়ক এর জন্য (১) "বীর প্রতীক আব্দুল মালেক সড়ক" এবং Road ID ৬৯১৩৮৫০১০-সুরমান উদ্দিন সড়ক-আনসার মহল্লা-গৌরাবাড়ী সড়ক(২) "বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান সড়ক"নামে নাম করণের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাব মতে পরিষদ কর্তৃক অনুমোদিত হলে উক্ত সড়কদ্বয়ের নতুন নামকরণের প্রস্তাব জেলা পর্যায়ে করা যেতে পারে মর্মে তিনি জানান। | রহমান সড়ক" নাম করণের প্রস্তাব পরিষদে সর্বসম্মত ভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা১০,৮৭৬জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫০১ জন, ইমার্জেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ৩১৪৪ জন, নরমাল প্রসব সেবা ৫১ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৭২ টি, সিজারিয়ান প্রসব সেবা ০১ জন। ল্যাব টেষ্ট ৪৮০,আরবিএস ১৩৫। বর্ষাকাল, পানিতে ডুবে শিশু মৃত্যু, সাপের কামড়ে মৃত্যু প্রতিরোধে সচেতনতা সৃষ্টি করার উপর গুরুত্ব আরোপ করা হয়। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা গৃহীত বর্তমান ও ভবিষ্যত পদক্ষেপ সম্পর্কে সভাকে অবহিত করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা/সংশ্লিষ্ট স্থায়ী কমিটি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২৪ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫০১৮২ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৪০০৩০ জন, হার ৭৯.৪৫%। গর্ভকালীন সেবা৬৩১ জন, প্রসব সেবা ৫০ জন, গর্ভোত্তর সেবা ১১৬জন, শিশু সেবা ৫১৪ জন, রোগী ১৮৬৩ জন, জীবিত জন্মের সংখ্যা ২১৩জন, মৃত্যুর সংখ্যা ৭১ জন, সর্বমোট গর্ভবর্তী ১৮৬০ এবং মোট প্রবাসী দম্পতি ৭৭৯৯ জন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা/সংশ্লিষ্ট স্থায়ী কমিটি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় ব্যক্তিগতভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা কৃষি কমকর্তা/সংশ্লিষ্ট স্থায়ী কমিটি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, হাকালুকি হাওরে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত মা মাছ এবং রেনু পোনা আহরন বন্ধের জন্য অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। পাশাপাশি হাওর অঞ্চলে বসবাসকারী মৎস্যজীবীদেরকে নিয়ে সচেতনতামূলক বা উদ্বুদ্ধকরন সভার আয়োজন করা হলে জনগণের সচেতনতা বৃদ্ধি | মা মাছ এবং রেনু পোনা আহরন বন্ধের জন্য অভিযান কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সি.উপজেলা মৎস্য | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সি. উপজেলা মৎস্য কমকর্তা/সংশ্লিষ্ট স্থায়ী কমিটি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা যাবে। | কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | |
| ২/৬ | প্রানি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২২২৭, হাঁস মুরগীর চিকিৎসা ১৪৯৩১, কৃত্রিম প্রজনন ২০৫, গবাদি পশুর টিকা প্রদান ২৪০০, হাঁস মুরগীর টিকা প্রদান ৪১২০০, উন্নত জাতের ঘাস চাষ ২ একর, উঠান বৈঠক আয়োজন ৩, ভেক্সিনেশন ক্যাম্পেইন৮, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০২। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ১৪/০৫/২৪ হতে ২৩/০৫/২৪ পর্যন্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ম প্রান্তিক মূল্যায়ন এক যোগে শুরু হয়েছে।বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণ কার্যক্রম উপজেলা রিসোর্স সেন্টারে চলমান। প্রত্যেকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন করে এসএমসি কমিটি গঠন কার্যক্রম শুরু হবে। | প্রান্তিক মূল্যায়ন এবং প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষ কর্মকর্তা সভায় জানান, এসএসসি সমমান পরীক্ষা/২০২৪ এর ফলাফল প্রকাশিত হয়েছে। গোলাপগঞ্জে এসএসসি পাশের হার ৬৫%, দাখিল পরীক্ষার পাশের হার ৮৬% এবং ভোকেশনলের হার প্রায় ৬৮% এসএসসির পাশের হার সিলেট বোর্ডের তুলনায় কম ৭৩%। ফলাফল উন্নত করার জন্য সকল প্রতিষ্টানে ভিজিট কার্যক্রম জোরদার করা হচ্ছে। এইচএসসি২০২৪ এর পরীক্ষা আগামী ৩০ জুন শুরু হবে।অত্র উপজেলার এইচএসসি কেন্দ্র ৩ টি ও আলীম পরীক্ষা কেন্দ্র ১ টি। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্টানের জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান,২০২৩-২৪ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান নলকুপ স্থাপনের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ৪র্থ কিস্তির টাকা সকল উপকারভোগীর একাউন্টে প্রেরণ করা হয়েছে। অল্প কয়েকদিনের মধ্যেই এমএফএস সার্ভিসের মাধ্যমে সকল | উপকার ভোগীদের সেবা প্রদান কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপকার ভোগীর একাউন্টে টাকা পাঠানো হবে। তাই সকল ইউপি চেয়ারম্যানগনের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষন করছি যাতে কোন উপকারভোগী টাকা উত্তোলন করতে গিয়ে কোন প্রতারণার শিকার না হন। ইতিমধ্যে বিভিন্ন মাধ্যমে জানতে পেরেছি যে, ভাতাভোগীর মোবাইল ফোনে বিভিন্ন প্রতারক চক্র ফোন দিয়ে পিন চাচ্ছে, ওটিপি এর মাধ্যমে উপকারভোগীর তথ্য নিয়ে টাকা হ্যাক করে নিয়ে যাচ্ছে। উল্লেখ্য সমাজসেবা অফিস থেকে উপকার ভোগীদের কোন ফোন দেয়া হয়না এবং তাদের কাছে কোন ধরনের তথ্য চাওয়া হয়না। | থাকবেন। | কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান মাসে ৩ জন যুবককে ১,৫০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়েছে। ২৭ জন প্রশিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের মধ্যে ১৩,৬০,০০০/- যুব ঋন বিতরন করা হয়েছে।ড্রাইভিং প্রশিক্ষণ চলতি মাসে ৩ জন বেকার যুবককে সিলেট প্রশিক্ষন কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। বাড়ির আঙ্গিনায় সবজি চাষ বিষয়ে আমুড়ার সৈয়দ মকবুল হোসেন কলেজে ৭ দিন মেয়াদী একটি ভ্রাম্যমান প্রশিক্ষন চলমান রয়েছে। | যুব ঋণ কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে মোট ঋণ বিতরন ৬৫.৭৩ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৬৫.৪১ লক্ষ টাকা। | ঋণ আদায়ের হার বাড়ানোর সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান,সিভিডিপি প্রকল্পের আওতায় ২ মাস ব্যাপী আইজিএ ইলেকট্রিকেল এ ২০ জন এবং মহিলা টেইলারিং এ ২০ জনের প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। | প্রশিক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, সংগ্রহ লক্ষ্যমাত্রা বোরো ধান ৬৮৫ মে.টন,সিদ্ধ চাল ৭৪ মে.টন, আতপ চাল ৫৯ মে.টন তার মধ্যে ইতিমধ্যে ৪৯ মে.টন সিদ্ধচাল এবং ২১১ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় অবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | ইউপি চেয়ারম্যান |
| ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। অর্থবছরের শেষ দিকে বকেয়া আদায় কার্যক্রম জোরদার করা হচ্ছে। খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে। | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, এপ্রিল মাসের সভায় আদায় ১.০৭ লক্ষ টাকা, ঋণ আদায় ৫৭.০৪ লক্ষ টাকা বিতরন ৪৪.৩০ লক্ষ টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিষয়ক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/১৪ মাস পর্যন্ত ঋণ বিতরণ ২ কোটি ১৭ লক্ষ ৩০ হাজার ঋণ আদায় ২ কোটি ৫২ লক্ষ ৫৭ হাজার টাকা। হার ৯৮%। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২১ | পল্লীবিদ্যুৎ বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/উপজেলাপ্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২২ | চেয়ারম্যান, আমুয়া ইউপি | চেয়ারম্যান, আমুয়া ইউপি সভায় জানান, আমনিয়া বাজারে অবৈধভাবে পশুর হাট বসে সেই হাট অস্থায়ী বাজার হিসাবে দেয়া হলে সরকারের রাজস্ব আদায় হবে।সাথে জনগণ এবং ইউনিয়ন পরিষদও উপকৃত হবে। এ বিষয়ে তিনি পরিষদের সহযোগিতা কামনা করেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২৩ | চেয়ারম্যান, কুলকাঠি ইউপি | চেয়ারম্যান, কুলকাঠি ইউপি সভায় ৭ নং ওয়ার্ডের প্রায় ৮০ জন কৃষকদের সারের আবেদনের প্রেক্ষিতে কৃষি উপকরন ও সার বীজ প্রদানের জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রকৃত কৃষকরা যাতে সার ও বীজ পাওয়া থেকে বঞ্চিত না হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/উপজেলাকৃষিঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২৪ | বিবিধ | (ক) উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থ বছরের পৌরকর বাবদ ১,৪৩,৯৬৪/- (খ) উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থ বছরের অক্টোবর/২৩ হতে এপ্রিল/২৪ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৪৯,৮৩৩/-(গ) উপজেলা পরিষদ কার্যালয়ের অক্টোবর/২০২০ থেকে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বকেয়া টেলিফোন বিল ৭,৬২৬/- এবং (ঘ) পবিত্র ঈদউল ফিতর উপলক্ষ্যে পরিষদের সার্বিক নিরাপত্তায় নিয়োজিত আনসারদের ভাতা বাবদ ১১,২০০/- বিল সভার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | সংশ্লিষ্ট বিষয় (ক), (খ), (গ) ও (ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | | জনাব আব্দুল সোবহান,পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম, মালীর মার্চ/২৪ মাসের মজুরী বাবদ (১০৪৫০+১০৪৫০)চেক প্রদান চেক নং ৮৪০৩৮৩৭-৮ তাং১/৪/২৪। জনাব রাহেল আহমদের অনুকূলে মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে ৪০০০০/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৪০তাং৮/৪/২৪।চেয়ারম্যান, উপজেলা পরিষদের অনুকূলে নভেম্বর/২৩-মার্চ/২৪ মাসের ভ্রমন বিল বাবদ ৩৮০৯৭/-চেক প্রদান চেক নং ৮৪০৩৮৪৩ তাং ৮/৪/২৪। ভাইস-চেয়ারম্যানের অনুকূলে নভেম্বর/২৩-মার্চ/২৪ মাসের ভ্রমন বিল বাবদ ৪২০৪৭/-চেক প্রদান চেক নং ৮৪০৩৮৪৪ তাং৮/৪/২৪। রাহেল আহমদের অনুকূলে সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৭০৫৫০/-চেক প্রদান চেক নং ৮৪০৩৮৪৫ তাং৮/৪/২৪। জনাব মৌসুমী মান্নানের অনুকূলে ২৩-২৪ অর্থবছরের টেন্ডার বাবদ সম্মানী প্রদান ২১৬০/- চেক নং ৮৪০৩৮৪৬ তাং৯/৪/২৪। জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন এর অনুকূলে ২৩-২৪ অর্থ বছরের টেন্ডার এর সম্মানী বাবদ ১৬৩৮০/- চেক প্রদান চেক নং ৮৪০৩৮৪৭ তাং৯/৪/২৪। উপজেলা প্রকৌশলী জনাব মাহমুদুল হাসান, জনাব মাশরাফুল আলম,দেওয়ান নাজমুল আলম, শাহ মোঃ লুটন, হোসেন আহমদ,অনুকূলে ২৩-২৪ অর্থবছরের টেন্ডারের সম্মানী বাবদ (১৮১৮০/-+৫৯৪০/-+৫৯৪০/-+৫৯৪০/-+১২২৪০/- চেক প্রদান চেক নং৮৪০৩৮৪৮-৫২ তাং৯/৪/২৪।জনাব রাহেল আহমদের অনুকূলে আসবাবপত্র ক্রয় বাবদ ৭৪৭৫০/-চেক প্রদান চেক নং৮৪০৩৮৫৪ তাং৯/৪/২৪ | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

CS CamScanner

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৪২৯ তারিখঃ১৩/০৫/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান---------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।


আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa


পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

CamScanner